মেহেরপুরে ছাত্রলীগের পদযাত্রা ও সমাবেশ অনুষ্ঠিত

২০০৫ সালে বিএনপি জামায়াতের প্রত্যক্ষ মদদে দেশ ব্যাপি সিরিজ বোমা হামলা ও স্বাধীনতা বিরোধী যুদ্ধাপরাধীদের সমর্থনের প্রতিবাদে ছাত্র সমাজের পদযাত্রা ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার (১৭ আগস্ট) বিকালে বাংলাদেশ ছাত্রলীগ মেহেরপুর জেলা শাখার উদ্যোগে পদযাত্রা ও সমাবেশ অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধনের নেতৃত্বে পদযাত্রাটি মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয়ের সামনের থেকে শুরু হয়ে মেহেরপুর প্রেসক্লাবের এসে শেষ হয়।

প্রেসক্লাবের সামনে আয়োজিত সমাবেশে বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা ছাত্রলীগের সহসভাপতি শাহজাহান আলী, আরেক সহসভাপতি দুলাল মাহমুদ, সদর থানা ছাত্রলীগের সভাপতি খন্দকার জুলকার নাইন বায়োজিদ, মুজিবনগর উপজেলা ছাত্রলীগের নেতা ইমাম হোসেন ইমন, গাংনী উপজেলা ছাত্রলীগের সভাপতি আমিনুল ইসলাম সেন্টু, সাধারণ সম্পাদক আসিফ ইকবাল অনিক, গাংনী শহর ছাত্রলীগের সাধারণ সম্পাদক নাসিরুল ইসলাম মহন, গাংনী ডিগ্রি কলেজ ছাত্রলীগের সভাপতি শাহিন রেজা ও সাধারণ সম্পাদক ফিরোজ আহমেদ, ছহিউদ্দীন ডিগ্রি কলেজ ছাত্রলীগের নেতা রাতুল।

এছাড়া উপস্থিত ছিলেন মেহেরপুর সদর থানার যুগ্ম সাধারণ সম্পাদক সুইট মাহমুদ, বারাদী ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি আল মামুন, পিরোজপুর ইউনিয়ন ছাত্রলীগের সভাতি মানিক প্রমুখ।

সমাবেশে ছাত্রলীগের বিভিন্ন স্তুরের নেতৃবৃন্দ ও কর্মী সমর্থকরা উপস্থিত ছিলেন।

গাংনীতে ছাত্রলীগের বিক্ষোভ মিছিল

ঢাকাসহ সারাদেশে বিএনপি ও জামায়াতের নৈরাজ্যের প্রতিবাদে গাংনীতে বিক্ষোভ মিছিল করেছে ছাত্রলীগের গাংনী উপজেলা শাখা।

আজ শনিবার (২৯ জুলাই) বিকেল ৫ টার দিকে গাংনী উপজেলা শহরে এই বিক্ষোভ মিছিল করা হয়।

মিছিলে নেতৃত্ব প্রদান করেন গাংনী উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোখলেছুর রহমান মুকুল।

এসময় উপস্থিত ছিলেন গাংনী ছাত্রলীগের সভাপতি আমিনুল ইসলাম সেন্টু, পৌর ছাত্রলীগের সভাপতি ডালিম হোসেনসহ ছাত্রলীগের নেতৃবৃন্দ।

মিরপুরে এসএসসি পরীক্ষার্থীদের পানির বোতল ও কলম উপহার দিলো ছাত্রলীগ

কুষ্টিয়ার মিরপুরের আমলা-সদরপুর উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে এসএসসি পরীক্ষার্থীদেরকে কলম-স্কেলসহ বিভিন্ন শিক্ষা উপকরণ বিতরণ করেছে ছাত্রলীগ। পরীক্ষার্থীদের তৃষ্ণা নিবারণে দেওয়া হয়েছে বিশুদ্ধ পানিও।

রবিবার এসএসসি পরীক্ষা শুরুর প্রথম দিনে সকাল সাড়ে ৯টা থেকে দুপুর দেড়টা পর্যন্ত মিরপুরের আমলা-সদরপুর উচ্চ মাধ্যমিক বিদ্যালয় কেন্দ্রে পরীক্ষা দিতে যাওয়া শিক্ষার্থীদের এসব উপহার দেওয়া হয়।

এই আয়োজনের উদ্যোক্তা মিরপুর উপজেলা ছাত্রলীগের সভাপতি আসলাম

আরেফীন। তার সঙ্গে ছিলেন মিরপুর উপজেলা ছাত্রলীগের নেতা-কর্মীরা।

আসলাম আরেফীন জানান, শিক্ষার্থীদের মধ্যে ছাত্রনেতাদের সম্পর্কে ইতিবাচক দৃষ্টিভঙ্গি ও নেতা-কর্মীদের আচরণে কিছু পরিবর্তন আনার জন্য তারা এ উদ্যোগ নেওয়া হয়। পরীক্ষার্থীদের মাঝে তারা বিতরণ করেছেন ৫’শ কলম, ৩’শ বিশুদ্ধ খাবার পানির বোতল ও অন্যান্য শিক্ষা উপকরণ।

স্থানীয় ছাত্রলীগের এমন উদ্যোগকে স্বাগত জানিয়েছে পরীক্ষার্থীরা।

এসএসসি পরীক্ষার্থী আমিন ও গোলাম মোস্তফার মতে, ছাত্রনেতাদের উদ্যোগ থাকতে হবে এমন পরিচ্ছন্ন ও স্পষ্ট। যা থেকে তরুণরা রাজনীতিতে উৎসাহিত হবে।

আমলা-সদরপুর উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জানান, পরীক্ষাকেন্দ্র থেকে নির্দিষ্ট দূরত্বে অবস্থান করে ছাত্রলীগের নেতা-কর্মীরা এসব কর্মসূচি পালন করেছে। এতে পরীক্ষায় কোনো বিঘ্ন ঘটেনি।

চুয়াডাঙ্গায় কৃষকের ধান কেটে ঘরে তুলে দিলো ছাত্রলীগ

চুয়াডাঙ্গায় কৃষকের ধান কেটে ঘরে তুলে দিয়েছে চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের নেতৃবৃন্দ। দেশের অন্যান্য জেলার ন্যায় চুয়াডাঙ্গা জেলার বিস্তীর্ণ মাঠ জুড়ে এখন পাকা ধান। মাঠে যাদের পাকা ধান রয়েছে আকাশে মেঘ দেখলেই তাঁরা পড়ছেন চরম দুঃশ্চিন্তায়। ধান পুরোপুরি পেকে গেলেও শ্রমিক সংকটের কারণে অনেক কৃষকই সঠিক সময়ে ধান কাটতে পারছেন না। তাদের পাশে দাঁড়িয়েছে চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগ।

শনিবার (২৯ এপ্রিল) সকালে চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের সাবেক সদস্য ও চুয়াডাঙ্গা পৌর ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক গাজী

ইমদাদুল হক সজলের নেতৃত্বে চুয়াডাঙ্গা পৌর এলাকার বুজরুক গড়গড়ি বুদ্ধিমানপাড়ার রেজাউল নামের এক কৃষকের দুই বিঘা জমির পাকা ধান কেটে বেঁধে দিয়েছেন ছাত্রলীগের নেতাকর্মীরা। ধান কাটা বাঁধা কাজে মাঠে উপস্থিত থেকে সজলকে সহযোগিতা করেন আরফিন সজীব, সুমন নাসিম, রাইসুল ইসলাম, ইউসুফ, লিখন, সাব্বির, তৌকি, অংকন, অনিক, আল-মামুন, রোমেল-সহ ছাত্রলীগের অন্যান্য নেতাকর্মীবৃন্দ।

গাজী ইমদাদুল হক সজল জানান, বাংলাদেশ ছাত্রলীগ কেন্দ্রীয় নির্বাহী সংসদের নির্দেশনা অনুযায়ী ছাত্রলীগের নেতাকর্মীদের সাথে নিয়ে আমরা কৃষকের জমির পাকা ধান কেটে দিয়ে তাদের সহযোগিতা করছি। করোনাকালেও আমরা চুয়াডাঙ্গা জেলার অনেক কৃষকের ধান কেটে তাদের বাড়িতে পৌঁছে দিয়েছি। সামনের দিনেও এধরনের কার্যক্রম আমরা অব্যাহত রাখবো। বাংলাদেশ ছাত্রলীগ সবসময় অসহায় মানুষের পাশে আছে, অতীতেও ছিল এবং ভবিষ্যতেও থাকবে।

আলমডাঙ্গায় অসহায় দুস্তদের ইফতার ও সেহরি দিচ্ছে ছাত্রলীগ

রমজানের শুরু থেকেই আলমডাঙ্গা সরকারি কলেজ ছাত্রলীগের উদ্যোগে অসহায় ও দুস্থদের মানুষের মাঝে ইফতার ও সেহরি দিচ্ছে নেতাকর্মীরা। এছাড়াও দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতির এ সময়ে কোনো অসহায় মানুষ ইফতার ও সেহরি জোগাতে অসমর্থ হলে কলেজ ছাত্রলীগের উদ্যোগে পরিচয় গোপন রেখে তাদের সহায়তা করছে ।

এমন উদ্যোগকে প্রশংসনীয় হিসেবে দেখছে স্থানীয় সচেতন মহল। প্রতিদিন বিকেলে ও মধ্যরাতে এসব খাবার বিতরণ করছেন সংগঠনের নেতাকর্মীরা।

সোমবার (২৭ মার্চ) বিকেলে আলমডাঙ্গা রেলওয়ে স্টেশন, শহরের স্বাধীনতা স্তম্ভ, লালব্রিজ ও আনন্দধাম রোডসহ বিভিন্ন এলাকার অসচ্ছলদের মাঝে ইফতার বিতরণ করা হয়। এতে নেতৃত্ব দেন কলেজ ছাত্রলীগ নেতা হৃদয় আহমেদ টিটন। আলমডাঙ্গায় এবারই প্রথম রমজানের প্রথম দিন থেকে বিভিন্ন এলাকা ঘুরে ঘুরে অসহায় মানুষের মাঝে

ইফতার ও সাহরি বিতরণ করে ছাত্রলীগ।

গত চারদিনে ভাসমান ও পথচারীদের পাশাপাশি আলমডাঙ্গা রেলওয়ে স্টেশন, ঘনবসতিপূর্ণ এলাকা, বিভিন্ন মাদরাসা, এতিমখানায় ইফতার ও সাহরির বিতরণ করেন সংগঠনটির নেতাকর্মীরা।

সোমবার বিকেলে শহরের আলতায়েবা মোড়ে প্রায় দেড় শতাধিক অসহায় ও অসচ্ছল মানুষের মাঝে ইফতার বিতরণ করা হয়।

ছাত্রলীগ নেতা হৃদয় আহমেদ টিটন বলেন, আমাদের সংগঠনের বিভিন্ন মানবিক কার্যক্রম নতুন প্রজন্মকে তুলে ধরতেই এমন উদ্যোগ। মানবিক কার্যক্রমের অংশ হিসেবে ৫ শতাধিক অসহায়-দুস্থ ও শ্রমজীবী মানুষের মাঝে ইফতার সামগ্রী বিতরণ করা হয়েছে।

আলমডাঙ্গা সরকারি কলেজ ছাত্রলীগের সভাপতি আশরাফুল ইসলাম জানান, অল্প মানুষের জন্য হলেও ইফতার বিতরণের কাজটি করছি। কারণ অনেকেই আছেন যারা কাজের কারণে বাসায় ইফতার করতে পারেন না। হয়তো তেমন কিছু খাওয়াও সম্ভব হয়ে ওঠে না। আমরা তাদের হাতে ইফতার তুলে দিচ্ছি। পুরো মাসজুড়ে কার্যক্রম চলবে।

এসময় উপস্থিত ছিলেন কলেজ ছাত্রলীগ নেতা সাগর, সাব্বির, মিলু, সাইফ, জয়, জিবন, ইভান, নয়ন, রিদান,ফাহিম, শিশির, আতিক, আশিক, মাসুম প্রমূখ।

মহাজনপুর ইউনিয়নের সকল ওয়ার্ডের ছাত্রলীগের কমিটি গঠন

মুজিবনগরে এক বছরের জন্য মহাজনপুর ইউনিয়নের আওতাধীন ৯ টি ওয়ার্ডে ছাত্রলীগের ওয়ার্ড কমিটি গঠন করা হয়েছে।
আজ শুক্রবার বিকেলে মহাজনপুর ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি ইমাম হোসেন ইমন ও সাধারণ সম্পাদক আরিফুল ইসলাম স্বাক্ষরিত পত্রে এ সকল ওয়ার্ড কমিটির অনুমোদন দেওয়া হয়েছে।

ঘোষিত কমিটিতে মহাজনপুর ইউনিয়ন এর ১ নম্বর ওয়ার্ডে ছামিন

হোসেন(ডি এস)কে সভাপতি ও ইখলাস হোসেনকে সাধারণ সম্পাদক, ২ নং ওয়ার্ডে মোহাম্মদ আকাশকে সভাপতি ও মামুন আলী কে সাধারণ সম্পাদক, ৩ নং ওয়ার্ডে সুইট রানাকে সভাপতি ও আশিক রহমানকে সাধারণ সম্পাদক, ৪ নং ওয়ার্ডে মোহাম্মদ শাহাবুল ইসলাম মুন্নাকে সভাপতি ও ওয়াসিম আকরাম কে সাধারণ সম্পাদক, ৫ নং ওয়ার্ডে মোহাম্মদ মেহেরাব হোসেনকে সভাপতি ও হুসাইন আহমেদকে সাধারণ সম্পাদক, ৬ নং ওয়ার্ডে মোঃ ইবনে সিনাকে সভাপতি ও রেজাউল হককে সাধারণ সম্পাদক, ৭ নং ওয়ার্ডের রিফাত হোসাইনকে সভাপতি ও আকাশ আলীকে সাধারণ সম্পাদক, ৮ নং ওয়ার্ডের মুস্তাফিজুর রহমান মুন্নাকে সভাপতি ও ইয়াসিন আরাফাতকে সাধারণ সম্পাদক, এবং ৯ নম্বর ওয়ার্ডে পারভেজ হোসেনকে সভাপতি ও শ্রী বিশ্বজিৎ কুমারকে সাধারণ সম্পাদক করে প্রতিটি ওয়ার্ডে মোট দশ সদস্য বিশিষ্ট কমিটির অনুমোদন দেওয়া হয়েছে।

মহাজনপুর ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি ইমাম হোসেন ইমন বলেন, শেখ হাসিনার স্মার্ট বাংলাদেশ গড়তে ও বাংলাদেশ ছাত্রলীগ মেহেরপুর জেলা শাখার হাতকে শক্তিশালী করতে এই সমস্ত কমিটি গঠন করা হয়েছে।

চুয়াডাঙ্গায় ছাত্রলীগের পক্ষ থেকে চুয়াডাঙ্গা সরকারি কলেজে দেয়াল ঘড়ি হস্তান্তর

চুয়াডাঙ্গা জেলার সবথেকে বড় শিক্ষা প্রতিষ্ঠান চুয়াডাঙ্গা সরকারি কলেজে চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের পক্ষ থেকে পরিক্ষার্থীদের সুবিধা প্রদানের জন্য জন্য দেয়াল ঘড়ি প্রদান করা হয়েছে।

আজ বুধবার বেলা সাড়ে দশটার সময় চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক জানিফ এর দিকনির্দেশনায় এবং চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের সাবেক সদস্য ও চুয়াডাঙ্গা পৌর ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক গাজী ইমদাদুল হক সজল এর সৌজন্যে ১০ টি দেয়াল ঘড়ি চুয়াডাঙ্গা সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. এ কে এম সাইফুর রশিদের কাছে হস্তান্তর করেন।

এ সময় গাজী ইমদাদুল হক সজল বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের হাতে গড়া ঐতিহ্যবাহী সংগঠন বাংলাদেশ ছাত্রলীগ। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও বাংলাদেশ ছাত্রলীগের সভাপতি এবং সাধারণ সম্পাদকের বলিষ্ঠ নেতৃত্ব এগিয়ে চলেছে এই ঐতিহ্যবাহী ছাএ সংগঠন বাংলাদেশ ছাত্রলীগ। বাংলাদেশের জনগণের অধিকার আদায়ে বিভিন্ন গণতান্ত্রিক আন্দোলন ও সংগ্রামে বলিষ্ঠ নেতৃত্ব প্রদানসহ দিকনির্দেশনা দিয়ে আসছে ঐতিহ্যবাহী এই ছাত্রসংগঠনটি।

চুয়াডাঙ্গা সরকারি কলেজের যে সকল শিক্ষার্থী পরিক্ষা দিতে আসে তাদের কথা বিবেচনা করে আমাদের এই আয়োজন। পর্যায়ক্রমে চুয়াডাঙ্গা জেলার সকল শিক্ষাপ্রতিষ্ঠানে আমাদের এই দেয়াল ঘড়ি প্রদান কার্যক্রম অব্যাহত থাকবে বলে জানান তিনি।

এ সময় আরও উপস্থিত ছিলেন, আরফিন সজিব,ফারহান রাব্বি, পাপন হাসান সবুজ, লিখন আহম্মেদ, তাজিব আরাফাত, সাব্বির আহাম্মেদ,তৌকির, বাবু,মাহিম,আশিক,অনিক,প্রিন্স, শিমুল, রাশেদ সহ চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের নেতাকর্মী বৃন্দ।

দামুড়হুদায় ছাত্রলীগের ৭৫তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

দামুড়হুদায় উপজেলা ছাত্রলীগের আয়োজনে বাংলাদেশ ছাত্রলীগ এর ৭৫ তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার বিকাল ৪টার দিকে দামুড়হুদা শিল্পকলা অডিটরিয়াম হলে।

দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের সভাপতি আরিফুল ইসলাম মল্লিকের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক হাজী মো: শহিদুল ইসলাম, প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা সদর ইউনিয়নের আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবির ইউসুফ, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক ও দামুড়হুদা সদর ইউনিয়নের চেয়ারম্যান হযরত আলী,

দামুড়হুদা উপজেলা যুবলীগের সাবেক যুগ্ম আহ্বায়ক সেলিম উদ্দিন বগা। হাউলী ইউনিয়ন যুবলীগের প্রচার সম্পাদক কামরুল ইসলাম মিফতাহ

দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাজু আহমেদ রিংকুর সঞ্চালনায় এসময় আরো উপস্থিত ছিলেন, হাউলী ইউনিয়ন ছাত্র লীগের আহবায়ক রাসেল আহাম্মেদ, যুগ্ন আহবায়ক রায়হানুল ইসলাম রাইহান।দামুড়হুদা সদর ছাত্র লীগ নেতা ছালিম হোসেন। দামুড়হুদা কলেজ ছাত্র লীগের সাবেক আহবায়ক শাহীন মোল্লা, সাবেক যুগ্ম আহবায়ক এম এ করিম, সাবেক যুগ্ম আহবায়ক আঃ সামাদ।

কার্পাসডাঙ্গা ইউনিয়ন ছাত্র লীগের সাধারণ সম্পাদক ছানাউল কবির শিরিন। নাটুদাহ ইউনিয়ন ছাত্র লীগের সভাপতি লিমন খান, ছাত্র লীগ নেতা শাহীন,, ছাত্র লীগ নেতা সাজ্জাদ, রাসেল, লিজন, শিমুল, সুলতান, শাহীন, সাখাওয়াত, বাবু, সোহেল, রানা বিশ্বাস, সুমন, সোহাগ প্রমূখ।

গাংনীতে পৃথক ভাবে ছাত্রলীগের ৭৫তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

মেহেরপুরের গাংনীতে বাংলাদেশ ছাত্রলীগের ৭৫তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে আজ বুধবার বিকেলে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন, শোভাযাত্রা, আলোচনাসভা ও কেক কাটার আয়োজন করা হয়।

শোভা যাত্রাটি গাংনী আলিয়া মাদ্রাসা থেকে বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে গাংনী বাজার রেজাউল চত্বরে গিয়ে আলোচনাসভার মধ্যেদিয়ে অনুষ্ঠানের সমাপনী করা হয়। অনুষ্ঠানে উপজেলা ছাত্রলীগের সভাপতি আমিনুল ইসলাম সেন্টুর সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর-২ গাংনী আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

বিশেষ অতিথি ছিলেন গাংনী উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মখলেছুর রহমান মুকুল, জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক

মুন্তাসিরজামান মৃদুল, পৌর ছাত্রলীগের সভাপতি ডালিম রানা ও সাধারণ সম্পাদক নাসিরুল ইসলাম মহনসহ আওয়ামীলীগ, যুবলীগ ও ছাত্রলীগের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মি উপস্থিত ছিলেন।

এর আগে গাংনী উপজেলা ও কলেজ ছাত্রলীগের একাংশের আয়োজনে প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়। সেখানে কলেজ ছাত্রলীগের সভাপতি শাহিন রেজার সভাপতিত্বে ও উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আসিফ ইকবাল অনিকের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক। অনুষ্ঠানের উদ্বোধন করেন জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাধন। অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা কৃষক লীগের সাধারণ সম্পাদক ওয়াসিম সাজ্জাদ লিখন,উপজেলা কৃষক লীগের সভাপতি আতিয়ার রহমান,সাধারণ সম্পাদক মশিউর রহমান পলাশসহ ছাত্রলীগের কর্মীবৃন্দ। অন্যদিকে একই সময়ে গাংনী সরকারী ডিগ্রী কলেজ ছাত্রলীগের সাধারণ ফিরোজ আহম্মেদের নেতৃত্বে প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে র্যালী ও আলোচনাসভার আয়োজন করে।

মেহেরপুরে ছাত্রলীগের ৭৫ তম প্রতিষ্ঠাবাষির্কী পালন

দেশের সবচেয়ে প্রাচীন ও ঐতিহ্যবাহী সংগঠন বাংলাদেশ ছাত্রলীগের ৭৫তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন করেছে (বৈজ্ঞানিক সমাজতন্ত্রে বিশ্বাসী) বাংলাশে ছাত্রলীগ মেহেরপুর জেলা শাখা।

বুধবার দুপুরে মেহেরপুর পুরাতন বাসস্ট্যান্ড থেকে একটি র্যালি বের হয়ে কলেজ মোড়ের শহীদ স্মৃতিসৌধে পুস্পমাল্য অর্পন করে নেতাকর্মীরা।

জাতীয় যুবজোটের কেন্দ্রীয় সদস্য ও সাবেক ছাত্রনেতা নুরুস সাফা প্লাবনের নেতৃত্বে ছাত্রলীগ নেতা তানভির আহমেদ, সজল আহমেদ, সাগর আগমেদ, তৌহিদুল ইসলা, মিল্টন , সাজিবুল, আব্দুলআলিম, জয়, রাজিব, মাসুম, আমানুরসহ বিভিন্ন পর্যায়ের কর্মীরা উপস্থিত ছিলেন।

এসময় জাতীয় যুবজোটের কেন্দ্রীয় সদস্য নুরুস সাফা প্লাবন তার বক্তব্যে বলেন, মুক্তিযুদ্ধের অঙ্গিকারের বাংলাদেশ ও অসাম্প্রদায়িক সমাজতান্ত্রিক বাংলাদেশ বিনির্মানের আন্দোলনকে আরো শক্তিশালী ও বেগবান করতে হবে।